

Ex/BNG/UG/MDC/1.1/2025

কলা স্নাতক অন্ত্য-সেমিস্টার পরীক্ষা, ২০২৫

( প্রথম বর্ষ, প্রথম সেমিস্টার )

সাম্মানিক বাংলা

কোর্স : ইউ. জি. - MDC ১.১

বিষয় : তুলনামূলক সাহিত্যবিচার ও বাংলা সাহিত্য

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। প্রতিটি প্রশ্ন সমমানের।

$১০ \times ৩ = ৩০$

১ক. কমিক্স পাঠ সূত্রে নিম্নোক্ত বিষয়গুলির সংক্ষিপ্ত পরিচয় দাও :

$২.৫ \times ৪ = ১০$

(অ) গাটার

(আ) কথাবেলুন

(ই) স্প্যাশ

(ঈ) এনক্যাপসুলেশন

( অথবা )

১খ. 'বাঁটুল দ্য গ্রেট'-এর মধ্যে কেউ কেউ 'ডেসপারেট ড্যান'-এর আদল খুঁজে পেলেও বাঁটুল আসলে 'দ্য গ্রেট' বাঙালি চরিত্র। এরকম সিদ্ধান্তকে তুমি কীভাবে বুঝতে চাইবে জানাও।

২ক. তাইরেসিয়াস, ধৃতরাষ্ট্র আর অয়দিপাউস — এঁদের মধ্যে কার অন্ধত্ব সবচেয়ে হাহাকারময় বলে তোমার মনে হয়? যুক্তিসহ লেখো।

BNG-1170

[ Turn Over ]

( ২ )

( অথবা )

২খ. শঙ্খ ঘোষের 'তিন চণ্ডালী' আলাদা সময়ের তিন রচয়িতাকে পাশাপাশি দাঁড় করিয়ে কী আদতে বলে? আদৌ কোনো সিদ্ধান্তে কি আমাদের নিয়ে যায় সে লেখা? তোমার অভিমত যুক্তিসহ জানাও।

৩ক. শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের 'সীমন্ত হীরা' গল্পে শার্লক হোমস-এর একটি গল্পের আলগা প্রভাব থাকলেও 'সীমন্ত হীরা' একটি সম্পূর্ণ মৌলিক আখ্যান হিসেবেই বিবেচ্য হওয়া উচিত। এ বিষয়ে তোমার স্বাধীন মতামত দাও।

( অথবা )

৩খ. নারায়ণ সান্যালের 'যড়ানন রবীন্দ্রমূর্তির কাঁটা' গল্পে একজন 'ব্যারিস্টার' এবং একজন 'গোয়েন্দা' আছেন। কিন্তু তাঁদের ভূমিকা ঠিক ব্যারিস্টার এবং গোয়েন্দা-সুলভ নয়। এ বিষয়ে কি তুমি সহমত হবে? তোমার মতামত দাও।

★ ★ ★

BNG-1170

XX24(113)—80